*"শিক্ষা নিয়ে গড়ব দেশ*
*শেখ হাসিনার বাংলাদেশ"*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি শাখা-১
বাংলাদেশ সচিবালয়
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.২৭.০০৪.২২- ১০৮

তারিখঃ ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব অশোক কুমার কুন্ডু, ইনস্ট্রাক্টর (টেক/ইলেকট্রিক্যাল) গত ২৮/১০/২০২১ খ্রি. তারিখে কুড়িগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটে যোগদান করেন এবং শারীরিক অসুস্থতার কারণে গত ২০/১১/২০২১ ও ২১/১১/২০২১ খ্রি. তারিখে তিনি কর্মস্থলে উপস্থিত হতে পারেননি বিধায় ২৪/১১/২০২১ তারিখে তিনি উক্ত ০২(দুই) দিনের ছুটির জন্য আবেদন করেন। পরবর্তীতে তিনি ২৭/১১/২০২১ হতে ৩০/১১/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত ০৪(চার) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। নৈমিত্তিক ছুটি শেষে তিনি কাজে যোগদান না করে ০৬/১২/২০২১ তারিখে তার এবং তার মেয়ের শারীরিক অসুস্থতা ও পারিবারিক কারণ দেখিয়ে আরো ০১(এক) মাসের অর্জিত ছুটির জন্য অধ্যক্ষ বরাবর রেজিস্টার্ড ডাকযোগে আবেদনপত্র প্রেরণ করেন। উক্ত ০১(এক) মাস অতিক্রান্ত হওয়ার পর তিনি কর্মস্থলে উপস্থিত না হয়ে ২৬/০১/২০২২ খ্রি. তারিখে Covid-19 এ আক্রান্ত হয়েছেন মর্মে অধ্যক্ষ বরাবর রেজিস্টার্ড ডাকযোগে আবেদনপত্র প্রেরণ করেন। গত ০১/১২/২০২১ হতে ২২/০২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত মোট ৮৪ দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে তিনি কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে শিক্ষার্থীদের ক্লাস বিঘ্নিত হচ্ছে বিধায় অধ্যক্ষ কর্তৃক তাকে গত ২৩/০২/২০২২ খ্রি. তারিখে ০৩(তিন) দিনের মধ্যে জবাব দাখিলের জন্য কারণ দর্শানো নোটিশ দেয়া হয়। তিনি ১ম বার কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল না করায় এবং তার অনুপস্থিতিতে শিক্ষার্থীদের ক্লাসের কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে বিধায় ০৩(তিন) দিনের মধ্যে লিখিত জবাব দাখিলের জন্য গত ০৮/০৩/২০২২ তারিখে অধ্যক্ষ কর্তৃক তাকে ২য় বার কারণ দর্শানো নোটিশ পাঠানো হয়। উক্ত কারণ দর্শানো নোটিশ গ্রহণ না করায় অধ্যক্ষের কার্যালয়ে ফেরৎ আসে।

যেহেতু, তিনি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ০১/১২/২০২১ হতে ৩১/০৫/২০২২ পর্যন্ত [১৮২ দিন] কর্মস্থলে অনুপস্থিত, অর্পিত দায়িত্ব পালনে অবহেলা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের ন্যায়সঙ্গত আদেশ অমান্য করেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) ধারা অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ আনয়নপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বরাবর প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে তিনি লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন;

যেহেতু, তিনি ১০/০৪/২০২৩ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন ও তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করেন এবং অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ জানান; এবং

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) ধারা অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২(খ) অনুযায়ী "নির্দিষ্ট মেয়াদের জন্য বেতন বৃদ্ধি স্থগিত রাখা" লঘুদন্ড প্রদান এবং তার ০১/১২/২০২১ হতে ৩১/০৫/২০২২ পর্যন্ত [১৮২ দিন] কর্মস্থলে অনুপস্থিত সময়কালকে বিনা-বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা সমীচীন হবে।

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২(খ) অনুযায়ী কুড়িগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটের ইনস্ট্রাক্টর (টেক/ইলেকট্রিক্যাল) জনাব অশোক কুমার কুন্ডু এর "বার্ষিক বেতনবৃদ্ধি পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত" রাখার লঘুদন্ড প্রদান করা হলো। তিনি ০১ (এক) বছরের বর্ধিত বেতন কখনও প্রাপ্য হবেন না, ০১ (এক) বছর অতিক্রান্ত হওয়ার পর ২য় (দ্বিতীয়) বছর হতে তিনি বর্ধিত বেতন প্রাপ্য হবেন। তার ০১/১২/২০২১ হতে ৩১/০৫/২০২২ পর্যন্ত [১৮২ দিন] কর্মস্থলে অনুপস্থিত সময়কালকে বিনা-বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ কামাল হোসেন)
সিনিয়র সচিব

E:\Ousman-2021\DP Case\Proggapon.doc

স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.২৭.০০৪.২২- ৯০৮

তারিখঃ ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
**(জনাব অশোক কুমার কুন্ডু, ইনস্ট্রাক্টর (টেক/ইলেকট্রিক্যাল) এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)**
০৫। যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৬। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]
০৭। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য]
০৮। চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
০৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
০৯। অধ্যক্ষ, কুড়িগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট, কুড়িগ্রাম
১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১১। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১২। ডিস্ট্রিক্ট একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, কুড়িগ্রাম
১৩। জনাব অশোক কুমার কুন্ডু, ইনস্ট্রাক্টর (টেক/ইলেকট্রিক্যাল), কুড়িগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট, কুড়িগ্রাম
১৪। অফিস কপি।

৩১/৫/২৩

(রহিমা আক্তার)
উপসচিব
ফোনঃ ০২-৫৫১০১০৮৯
ই-মেইলঃ sastec1@tmed.gov.bd